

৭৫০ বোতল ফেনসিডিলসহ ০৩ জন গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর সার্কেল গত ০৭/০৯/১৪ ইং তারিখ রোজ রবিবার ১৮.০০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে নাটোর সার্কেল পরিদর্শক জনাব শাহজালাল খান এর নেতৃত্বে সার্কেল স্টাফগণ নাটোর জেলার বড়াইগ্রাম থানাধীন নাটোর বনপাড়া-সিরাজগঞ্জ সড়কের রাথুরিয়ায় গোপন সংবাদের ভিত্তিতে যানবাহন তল-শীকালে নাটোর থেকে ঢাকা গামী কাঁচা কলা সহ হলুদ মিনি ট্রাক ঢাকা মেট্রো ন ১৬-৭৪৭৩ তল-শী করে ট্রাকের বডিতে বিশেষভাবে তৈরীকৃত বক্সের মধ্যে কাগজে মোড়ানো সুতলী দ্বারা বাধা প-পট্টিক বোতলে

কোডিন মিশ্রিত মাদকদ্রব্য যাহার বানিজ্যিক নাম ফেনসিডিল ৭৩(তিহাস্তর) বাডিল, প্রতি বাডিলে ১০(দশ) বোতল করে মোট ৭৩০(সাতশত ত্রিশ) বোতল ও কাঁচা কলা ৬৫(পয়ষট্টি) কাদি সহ আসামী (১) মোঃ দাউদ(২৫),পিতা-মোঃ আব্দুল মান্নান , সাং-খোদাইপুর ডাসমারী, থানা-মতিহার, জেলা-রাজশাহী ও (২) মোঃ শামীম(২৫),পিতা-মৃত আব্দুস সাত্তার , সাং-ধরমপুর, থানা-মতিহার, জেলা-রাজশাহী কে আটক করা হয়। মাদকদ্রব্যর মালিক মোঃ মুকুল(৪৫), পিতা-মৃত আলোপ, সাং-নন্দনগাছী রেলস্টেশনের পিছনে, থানা-চারঘাট, জেলা-রাজশাহী। আসামীদের বিরুদ্ধে বড়াইগ্রাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ সনের ১৯(১) টেবিলের ৩(খ), ১৯(৪) ও ২৫ ধারায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। যা বড়াইগ্রাম থানার মামলা নং ০৯ তারিখ-০৮/০৯/১৪ ইং। অপর একটি অভিযানে কুষ্টিয়া থেকে ঢাকা গামী শ্যামলী পরিবহন তল-শী করে H-4 নং সিটে বসা যাত্রীর মোঃ নূর ইসলাম(৩২), পিতা-মৃত শহীদুল ইসলাম, সাং-রাধিকাগঞ্জ, থানা-আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গাকে কোডিন মিশ্রিত মাদকদ্রব্য যাহার বানিজ্যিক নাম ফেনসিডিল ২০(বিশ) বোতল সহ আটক করা হয়। আসামীর বিরুদ্ধে বড়াইগ্রাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ সনের ১৯(১) টেবিলের ৩(ক) ও ১৯(৪) ধারায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। যা বড়াইগ্রাম থানার মামলা নং ০৮ তারিখ-০৮/০৯/১৪ ইং।